~~NAME~~: SEM: 5th
COLLEGE: DHRUBA CHAND HALDER COLLEGE
SUBJECT: PHILOSOPHY
PAPER: CC 11
PROJECT NAME: VYAPTI

দুটি পদার্থের মধ্যে নিয়ত অব্যভিচারী সম্বন্ধ হল ব্যাপ্তি, অনুমানের ক্ষেত্রে, হেতু ও সাধ্যের মধ্যে নিয়ত সাহচর্য হল ব্যাপ্তি-সম্বন্ধ, ব্যাপ্তিজ্ঞানই অনুমিতির প্রধান এবং অসাধারণ কারণ, ‘অসাধারণ’ অর্থ- যা সকল কার্যের ক্ষেত্রে উপস্থিত থাকে না, সুতাটা বস্ত্রের অসাধারণ কারণ, কেননা সুতাটা কেবল বস্ত্র বা কাপড়ের ক্ষেত্রেই থাকে, ঘট বা কলসির [illegible] উপাদানের ক্ষেত্রে থাকে না, ব্যাপ্তিজ্ঞান কেবল অনুমিতির ক্ষেত্রেই থাকে, প্রত্যক্ষাদি জ্ঞানের ক্ষেত্রে থাকে না, তাই ব্যাপ্তিজ্ঞান অনুমিতির অসাধারণ কারণ,

ব্যাপ্তি-সম্বন্ধ হচ্ছে ‘ব্যাপ্য-ব্যাপক সম্বন্ধ’, যার দ্বারা ব্যাপ্ত হয় তাকে ব্যাপক এবং যা ব্যাপ্ত হয় (যেমন ধূম) তাকে ব্যাপ্য বলে, ব্যাপ্তি-সম্বন্ধ হলো স্বাভাবিক, অব্যভিচারী, অনৌপাধিক ও নিয়ত সাহচর্য, যে-সম্বন্ধ কাকতালীয় নয়, উপাধি-নির্ভর নয় এবং এই সম্বন্ধের কোন ব্যতিক্রম নেই,

ধূম-ও বহ্নির সম্বন্ধ ব্যাপ্তি-সম্বন্ধ, কেননা যেখানে ধূম সেখানে বহ্নি এবং এর কোন বিরুদ্ধ দৃষ্টান্ত নেই, এখানে ‘ধূম’ হেতু, আর বহ্নি হল ‘সাধ্য’; ধূম ব্যাপ্য আর বহ্নি ‘ব্যাপক’; বহ্নি ধূমের ব্যাপক আর ধূম বহ্নির ব্যাপ্য, সাধারণত যা ব্যাপক তার পরিধি যা ব্যাপ্য তার পরিধি অপেক্ষা বেশি, বহ্নির পরিধি ধূমের পরিধি অপেক্ষা বেশি, যেখানে ধূম সেখানে বহ্নি, কিন্তু এমন বললে ঠিক হবে না, যেখানে বহ্নি সেখানেই ধূম, বহ্নি ধূমকে নিয়ত অনুগমন করলেও ধূম বহ্নিকে নিয়ত অনুগমন করে না। ধূম বহ্নি অপেক্ষা অল্পস্থানে থাকে, তাই ধূম ব্যাপ্য; বহ্নি ধূম অপেক্ষা অধিক স্থানে থাকে, তাই বহ্নি ব্যাপক। ধূম থাকলেই বহ্নি থাকে, কিন্তু বহ্নি থাকলে যেখানে ধূম নাও থাকতে পারে, অয়োগোলকে বহ্নি থাকলেও ধূম থাকে না, সুতরাং বহ্নি ধূমের চেয়ে ব্যাপক, বহ্নির ধূম ও বহ্নির মধ্যে তাই ধূম ব্যাপ্য, বহ্নি ‘ব্যাপক’, ব্যাপ্তিজ্ঞান এ কারণে ধূমকে হেতু রূপে ও বহ্নিকে সাধ্যরূপে গণ্য করা

অনুমান করা চলে, কেননা ধূম ও বহ্নির মধ্যে নিয়ত সম্বন্ধ আছে, কিন্তু বহ্নিকে হেতু ও ধূমকে সাধ্যরূপে গ্রহণ করে অনুমান করলে তা বৈধ হবে না, কেননা বহ্নিতে ধূমের মধ্যে নিয়ত সম্বন্ধ নেই। ধূম ও বহ্নির সম্বন্ধ ব্যাপ্তি সম্বন্ধ, কেননা এ সম্বন্ধ অনৌপাধিক; কিন্তু বহ্নি ও ধূমের সম্বন্ধ শর্তহীন নয়, এ সম্বন্ধ উপাধিযুক্ত। ভিজে কাঠযুক্ত বহ্নির থেকেই ধূম হয়, এক্ষেত্রে ভিজে কাঠ হল উপাধি।

## ব্যাপ্তির প্রকার:

ব্যাপ্তি দুই প্রকার — সমব্যাপ্তি ও বিষমব্যাপ্তি। সমব্যাপ্তির ক্ষেত্রে ব্যাপ্য ও ব্যাপকের ব্যাপকতা সমান হয়। ক ও খ দুটি বিষয় তখনই সমব্যাপক হবে যদি এমন হয় যে, যেখানে ক সেখানেই খ এবং যেখানেই খ সেখানেই ক, এমন ক্ষেত্রে ক ও খ এর মধ্যে সমব্যাপ্তি আছে বলতে হবে। সমব্যাপ্তির দৃষ্টান্ত হল — 'সকল উৎপত্তিশীল বস্তু হয় বিনাশশীল'। এখানে উৎপত্তিশীল বস্তু ও বিনাশশীল বস্তু সমব্যাপক, কেননা, যার উৎপত্তি আছে তার বিনাশ আছে, আবার যার বিনাশ আছে তার উৎপত্তি আছে, কাজেই, এক্ষেত্রে যে কোন একটি থেকে অপরটিকে [illegible] অনুমান করা যায়।

বিষমব্যাপ্তির ক্ষেত্রে ব্যাপ্য ও ব্যাপকের ব্যাপকতা ভিন্ন হয়। বহ্নি ও ধূমের ব্যাপ্তি বিষমব্যাপ্তি; ধূম বহ্নি অপেক্ষা কম স্থানে থাকে এবং বহ্নি ধূম অপেক্ষা বেশি স্থানে থাকে, ধূম থাকলে সেখানে বহ্নি থাকে, কিন্তু বহ্নি থাকলেও সেখানে ধূম নাও থাকতে পারে।

M. Mondal
HEAD
Dept. of Philosophy
Dhruba Chand Halder College
Dakshin Barasat, South 24 Pgs.

PRINCIPAL
Dhruba Chand Halder College
P.O.- D. Barasat, P.S.- Jaynagar
South 24 Parganas, Pin- 743372